গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
kazipur.sirajganj.gov.bd

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাজিপুর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অবস্থিত ২০ (বিশ) একর পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ সরকারি জলমহালসমূহ বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সানের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের লক্ষে শর্তসাপেক্ষে আগ্রহী সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতি নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনসমূহ ধার্য তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইটে (www.land.gov.bd/ www.jm.lams.gov.bd) অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং প্রিন্টের কপি সাধারণ আবেদন ফরমের সাথে উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ বরাবর প্রেরণ করতে হবে। ধার্য তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

নিম্নোক্ত শর্তসাপেক্ষে ও ক্যালেন্ডার মোতাবেক অনলাইনের আবেদনপত্র আহবান করা যাচ্ছে। নিম্নলিখিত তারিখ ও সময়ে অনলাইনে আবেদনপত্র গ্রহণ ও ইজারা কার্যক্রম সম্পন্ন করা হবে।

ইজারাযোগ্য জলমহালের বিবরণ

ক্রমিক নং	জলমহালের নাম	জলমহালের আয়তন ও তফশীল	৩ বছরের গড় মূল্য	৫% বৃদ্ধিতে বাংলা ১৪৩০ সনের সরকারি মূল্য (বাৎসরিক)
০১।	লক্ষীপুর খাস পুকুর	মৌজাঃ লক্ষীপুর, খতিয়ান নং ০১ দাগ নং ১০১০, জমির পরিমাণ ১.৮৩ একর	১২,৭২৬/-	১৩,৩৬৩/-
০২।	উদগাড়ী পুকুর	মৌজাঃ কালিকাপুর, খতিয়ান নং ০১ দাগ নং ৭১৪, জমির পরিমাণ ১.৩৭ একর	৭,৮৫৫/-	৮,২৪৮/-

আবেদনপত্র দাখিলের তফসিল

আবেদন আহবানের পর্যায়ে	আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময়	ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইটে অনলাইনে আবেদন দাখিলের তারিখ	আবেদনপত্র জমাদানের তারিখ, সময় ও স্থান
১ম পর্যায়	০৮ ফেব্রুয়ারি/২৩ খ্রি. ২৫ মাঘ/১৪২৯ বাংলা বিকাল ৪.০০টা পর্যন্ত	২০ জানুয়ারি/২৩ হতে ০৮ ফেব্রুয়ারি/২৩ খ্রি. ০৬-২৫ মাঘ/১৪২৯ বাংলা	০৯-১৩ ফেব্রুয়ারি/২০২৩ খ্রি. ২৬-৩০ মাঘ/১৪২৯ বাংলা প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ

ক্যালেন্ডারে বর্ণিত কোন জলমহালের দরপত্র ক্যালেন্ডারে নির্ধারিত তারিখে অনুমোদিত হলে পরের বার ঐ জলমহালটি ইজারা তালিকা হতে বাদ বলে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

শর্তাবলিঃ

০১। সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎসজীবী সমিতিসমূহ আবেদন করতে পারবেন তবে প্রকৃত মৎসজীবী ব্যতীত অন্য কোন ব্যক্তি সদস্য থাকলে উক্ত সমিতির আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২। যে সকল প্রকৃত মৎস্যজীবী সমিতি সমাজসেবা অধিদপ্তর বা সমাজ সেবা কর্তৃক নিবন্ধনকৃত সে সকল সমিতি/সমিতিসমূহ আবেদনে অংশগ্রহণ করতে পারবে।

০৩। সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ আবেদনকারীকে উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্রসহ বিগত দুই বৎসরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রত্যয়ন পত্রের প্রয়োজন হবে না।

০৪। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়ন পত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

০৫। আবেদন পত্রের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং উহার অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

০৬। ইজারা প্রাপ্ত প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতি প্রথম বছরের ইজারা মূল্য অনুমতি প্রাপ্তির পর বাংলা ২৩ চৈত্র তারিখের মধ্যে ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান করবেন। সে অনুযায়ী ইজারা চুক্তি সম্পাদনের পর বাংলা ০১ বৈশাখ ১৪৩০ সনে জলমহাল তাকে বুঝিয়া দেয়া হবে। ২য় বছরের ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ৩য় বছরের ইজারা মূল্য ২য় বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধের ব্যর্থ হলে ইজারা বাতিল হবে। জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৭। জলমহাল যিনি ইজারা পাবেন সে ইজারাদারকে উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর এর সাথে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি করতে হবে। চুক্তিনামার সকল শর্ত ইজারাদারকে মেনে চলতে বাধ্য থাকিবে।

০৮। ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাজিপুর এবং সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর হতে ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে দরপত্র সংগ্রহ করা যাবে।

০৯। প্রত্যেক আবেদনপত্রে উল্লিখিত দরের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর বরাবরে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র দাতার নিজ নাম ব্যতীত অন্য কোন নামে আবেদনপত্র দাখিল করা যাবে না।

১০। আবেদনপত্র অনুমোদনের পর নোটিশ প্রাপ্তির নির্দেশনা মোতাবেক আবেদনে উদ্ধৃত ১ম বছরের সমুদয় অর্থ দরের ১০% আয়কর এবং ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে।

১১। আবেদনপত্রের মাধ্যমে ইজারাকৃত জলমহালটি কোন ক্রমেই সাব লীজ দেয়/অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করা/অন্য কোন উপায়ে ব্যবহার করা যাবে না। করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারা গ্রহীতা মৎসজীবী সমিতি/সংগঠনের কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতির ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। যে সকল নিবন্ধনকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন ইতোপূর্বে দুটি জলমহাল ইজারা গ্রহণ করেছেন সে সকল সমিতি/সংগঠনকে অত্র জলমহাল ইজারা প্রদান করা হবে না।

১৪। সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন সময়ে ইজারার বিষয়ে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করার ক্ষমতা রাখেন।

১৫। উপরোক্ত যে কোন শর্ত খেলাপ করলে বা পালনে ব্যর্থ হলে ইজারা বন্দোবস্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করা হবে এবং ইজারার সমুদয় টাকা বাজেয়াপ্ত হবে। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। অন্যান্য শর্তাবলি সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী প্রযোজ্য হবে।

১৭। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

(সুখময় সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ

স্মারক নং-০৫.৪৩.৮৮৫০.০০৪.২২.০০১.২২- ৫৫ (২০)

তারিখঃ ০১/১০/১৪২৯ বঙ্গাব্দ
১৫/০১/২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৬২, সিরাজগঞ্জ-১ (ইহা মাননীয় এমপি মহোদয়ের সদয় অবহিত করার জন্য প্রেরণ করা হলো)
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাজিপুর, সিরাজগঞ্জ
০৬। সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর, সিরাজগঞ্জ
০৭। মেয়র, কাজিপুর পৌরসভা, কাজিপুর
০৮। উপজেলা ...., অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ
০৯। চেয়ারম্যান, সোনামুখী/গান্ধাইল/চালিতাডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ
১০। ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, সোনামুখী / গান্ধাইল ইউনিয়ন ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ। তাকে অত্র বিজ্ঞপ্তি বিভিন্ন হাট-বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তির কপি লটকানোর জন্য বলা হলো। এছাড়া বিজ্ঞপ্তির কপি একাধিক বার মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করতঃ প্রচারের প্রতিবেদন ধার্য তারিখের পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো
১১। ....
.... (মৎস্যজীবী সমবায় সমিতিসমূহ)
১২। নোটিশ বোর্ড, এ কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর, সিরাজগঞ্জ
১৩। অফিস কপি

(সুখময় সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ